

- খ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটিতে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় সামন্ততন্ত্রের অবক্ষয় এবং ধনতন্ত্রের উত্থান কীভাবে দেখিয়েছেন তা নিজের মতো করে আলোচনা করো।
- গ) "বল্লালী বালাই' এবং 'অত্রের সংবাদ' — 'পথের পাঁচালী' উপন্যাসের অপরিহার্য অংশ নহে" — মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।
- ঘ) 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণ সম্পর্কে আলোচনা করো।

537/Beng.(C)N.S

UG/5th Sem/BNGH-CC-T-11/25

২০২৫

বাংলা

(অনার্স)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

[CBCS]

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) 'জাত ওই একই হে, চিতির জাত' — উক্তিটি কার? 'চিতির জাত' বলতে বক্তা কী বোঝাতে চেয়েছেন?
- খ) 'কালোশশীর মধ্যে নেশা আছে, সে নেশার ঘোর কাটিয়ে ওঠা সহজ নয়।' — কে এই কালোশশী? কালোশশী সম্পর্কে এই উপলব্ধিই বা কার?
- গ) 'ইবারে যে পুজোটি গেল মুরুব্বি, তার পাঁঠাটি খুঁতো ছিলেন...।' — কে এই উক্তিটি করেছে? প্রসঙ্গ উল্লেখ করো।
- ঘ) 'অমাবস্যার গান' উপন্যাসটির প্রথম সংস্করণ কবে কোথা থেকে প্রকাশিত হয়েছিল? লেখক কাকে উৎসর্গ করেন?

- ৬) 'না দিদি, সংসার আমাকে দিয়ে হবে না। এতদিন বিবাগী হয়ে কাটিয়েছি, বাকী জীবনটাও কাটিয়ে দেব।' — বক্তা কে? দিদির নাম কী? উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করো।
- চ) 'এঁটো ভাত খাবে না, নেমন্তন্ন চাই — জুতো না মেরে সব মাথায় উঠেছে।' — বক্তা কে? কোন প্রসঙ্গে একথা বলেছে?
- ছ) 'আপনি গুণিজনের প্রতিপালক, তাই আপনার সভাই এঁর যোগ্যস্থান বলে মনে করি।' — বক্তা কে? কার সভার কথা বলেছেন? কে কেনইবা যোগ্য?
- জ) 'পথের পাঁচালী' উপন্যাসটির তৃতীয় অংশটির শিরোনাম উল্লেখ করে অর্থটি লেখো।
- ঝ) 'কেন ভাই ওদের তাড়িয়ে দিলে তুমি হিংসুক কিন্তু সতুদা।' — বক্তা কে? উদ্ধৃতাংশটিতে কাদের তাড়িয়ে দেবার কথা বলা হয়েছে?
- ঞ) 'মেটে রঙের পুরু পুরু পাতাগুলোর এই গন্ধটা তাহার বড় ভালো লাগে' — কার ভালো লাগে? কোন বইয়ের পাতার কথা বলা হয়েছে?
- ট) 'করালী খুঁজে বেড়াত তার মাকে' — করালী তার মাকে কোথায় কোথায় খুঁজে বেড়াত?
- ঠ) 'অমাবস্যার গান' উপন্যাসটির পরিচ্ছেদ সংখ্যা কয়টি? উপন্যাসটি কাকে কেন্দ্র করে রচিত হয়েছে?
- ড) 'সুচাঁদ পিসি বলে — আমার বাবার বাবা দেখেছেন' — সুচাঁদ পিসির পরিচয় দাও। বাবার বাবা কী দেখেছেন?

- ঢ) 'দৃশ্যটা সহ্য করা যায় না— ভারতচন্দ্র চোখ ফিরিয়ে নিলেন' — দৃশ্যটি সংক্ষেপে উল্লেখ করো।
- ণ) 'আমিই তোমার ধর্মের পথে কাঁটা দিয়েছি...' কে কীভাবে ধর্মের পথে কাঁটা দিয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

- ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটির প্রেক্ষাপট, পটভূমি এবং সময়কাল উল্লেখ করো।
- খ) 'পথের পাঁচালী' উপন্যাসের প্রথম মৃত্যুদৃশ্যটির তাৎপর্যটি সংক্ষিপ্তভাবে লেখো।
- গ) 'পথের পাঁচালী' উপন্যাসে 'ইন্দ্রিরা ঠাকরণ' চরিত্র সৃষ্টিতে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
- ঘ) 'অমাবস্যার গান' উপন্যাসটির গোত্রবিচার বিষয়ে তোমার মতামত লেখো।
- ঙ) কাহার পাড়ার মাতব্বর হিসেবে বনওয়ারী চরিত্রটি সংক্ষিপ্ত বিশ্লেষণ করো।
- চ) 'উপকথার ছোটো নদীটি ইতিহাসের বড়ো নদীতে মিশে গেল' — 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাস অবলম্বনে উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) 'অমাবস্যার গান' উপন্যাস অনুযায়ী ভারতচন্দ্র রায়ের অন্তর্ভুক্তির কারণ ও প্রাসঙ্গিকতা আলোচনা করো।